

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৪৩

পর্ব - ৮ঃ বিবাহ (১ হার্ন)

পরিচ্ছেদঃ ৪. ওয়ালিমাহ - দাওয়াত দেওয়ার একদিন পর দাওয়াত কবুল করার বিধান

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم: «طَعَامُ الْوَلِيمَةِ أُوَّلَ يَوْمٍ حَقُّ, وَطَعَامُ يَوْمِ التَّانِي سُنَّةٌ, وَطَعَامُ يَوْمِ التَّالِثِ سُمْعَةٌ، وَمَنْ سَمَّعَ اللهُ بِهِ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَاسْتَغْرَبَهُ, وَرِجَالُهُ رِجَالُ الصَّحِيحِ

ضعيف. رواه الترمذي (1097) من طريق زياد بن عبد الله، حدثنا عطاء بن السائب، عن أبي عبد الرحمن، عن ابن مسعود، به. وزاد: «ومن سَمَّع سَمَّع الله به» ثم قال: «حديث ابن مسعود لا نعرفه مرفوعا إلا من حديث زياد بن عبد الله. وزياد بن عبد الله كثير الغرائب والمناكير. قال: وسمعت محمد بن إسماعيل يذكر عن محمد بن عقبة قال: قال وكيع: زياد بن عبد الله مع شرفه يكذب في الحديث». قلت: وأيضا عطاء مختلط، وسماع زياد منه بعد الاختلاط. وللحديث طرق وشواهد أخرى، لكن كلها لا تصلح لتقوية الحديث

বাংলা

১০৪৩। ইবনু মাস'উদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, প্রথম দিবসের ওয়ালিমাহর খানা ন্যায্য, দ্বিতীয় দিবসের ওয়ালিমাহর খানা সুন্নাত, তৃতীয় দিবসের ওয়ালিমাহর খানা রিযা বা স্বীয় গৌরব জাহির করা। আর যে নিজের সুনাম ছড়ানোর উদ্দেশে কোন কাজ করে, আল্লাহ তাকে কিয়ামত দিবসে জনগণের নিকটে প্রকাশ করে লাঞ্ছিত করবেন। —তিরমিয়ী হাদীসটিকে গরীব বলেছেন; হাদীসটির রাবী সহীহ হাদীসের অনুরূপ।[1]



ফুটনোট

[1] نطع থকা বহুবচন। এর অর্থ হচ্ছে চামড়ার মাদুর বিশেষ। আর اعط হচ্ছে শুধ অর্থাৎ পনির। তিরমিয় ১০৯৭। ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (৩/২৭৪) গ্রন্থে বলেন, তার কথাটি ঠিক নয়। তবে এর রাবীগণ বুখারীর রাবী। এই বিষয়ে যতগুলো হাদীস রয়েছে কোনটিই সমালোচনামুক্ত নয়। ইবনু উসাইমীন তাঁর বুলুগুল মারামের শরাহ (৪/৬০৯) গ্রন্থে বলেন, সানাদের দিক দিয়ে হাদীসটি ক্রটিপূর্ণ। ইবনুল কান্তান তাঁর আল ওয়াহম ওয়াল ঈহাম (৩/১২১) গ্রন্থে বলেন, এর মধ্যে যিয়াদ বিন আবদুল্লাহ ও আতা ইবনুস সায়িব রয়েছে। যারা এলোমেলো বর্ণনাকারী। ইবনু হাজার আসকালানী তাঁর ফাতহুল বারী (৯/১৫১) গ্রন্থে বলেন, এর ক্রটি রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন